# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 02-09-24 Desk in Charge : SB**

**Time : 7.35 A.M. Compiling : SB**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR কান্ডে দ্রুত বিচার চেয়ে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন অংশে সোচ্চার নাগরিক সমাজ। রাণি রাসমণি অ্যাভেনিউতে রাতভর চলে ধর্না কর্মসূচী।

# আজ 'লালবাজার অভিযান' জুনিয়ার ডাক্তারদের।

২/ ধর্ষণের মতো অপরাধে মৃত্যুদন্ডের সংস্থান রাখতে কড়া আইন আনার জন্য, আজ রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন বসছে।

# রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ধর্ষণের মতো সংবেদনশীল ঘটনায় নির্যাতিতার দ্রুত বিচার পাওয়া উচিত।

৩/ রাজ্যের নানা প্রান্তে নারী নির্যাতনের একাধিক অভিযোগের প্রেক্ষিতে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি বিজেপির।

৪/ দক্ষিণবঙ্গে আপাতত ভারী বৃষ্টির সম্ভাবনা নেই বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*************************************************************

RG KAR কাণ্ডে দ্রুত বিচার চেয়ে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন অংশে সোচ্চার হয়েছে নাগরিক সমাজ। ন্যায় বিচারের দাবীতে গতকাল কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক সমাজের বিশাল মিছিলে পা মেলান অপর্ণা সেন, চৈতি ঘোষাল, স্বস্তিকা মুখোপাধ্যায়, লগ্নজিতা চক্রবর্তী, ঊষসী চক্রবর্তী, সাহেব চট্টোপাধ্যায়, বাদশা মৈত্র, সৃজিত মুখোপাধ্যায়ের মতো বহু বিশিষ্ট জন। ছিলেন জুনিয়র চিকিৎসক, বিভিন্ন স্কুলের পড়ুয়ারাও। অপর্না সেন বলেন, সর্ব্বোচ্চ আদালতের ওপর তাঁদের আস্থা রয়েছে।

(বাইট- অপর্ণা )

ধর্মতলায় মিছিল শেষ হওয়ার হওয়ার পরে বেশ কয়েকটি কর্মসূচির কথা ঘোষণা করেন জুনিয়র চিকিৎসকেরা। নানা দাবীতে ধর্মতলার রানী রাসমনি এভিনিউতে রাতভোর ধর্না অবস্থানে বসেন নাগরিক সমাজের প্রতিনিধিরা। অভিনেত্রী স্বস্তিকা মুখোপাধ্যায়, সোহিনী সরকার, বিদীপ্তা চক্রবর্তী, দেবলীনা দত্তও সেখানে উপস্থিত ছিলেন। নাগরিক মিছিলের অবস্থানে উপস্থিত হন সাধারণ মানুষও। শহরের বিভিন্ন প্রান্ত থেকে ধর্মতলায় এসে জড়ো হন সকলে। রাত বাড়ার সঙ্গে সঙ্গেই বাড়ে প্রতিবাদের তীব্রতা।

এদিকে, ধর্না অবস্থান চলাকালীন এক মত্ত যুবক, মহিলাদের সঙ্গে দুর্ব্যবহারও করেন বলে অভিযোগ। তাড়া করে তাকে ধরে ফেলেন আন্দোলনকারীরা। এরপর পরে পুলিশ ওই যুবককে সেখান থেকে সরিয়ে নিয়ে যায়। ধৃত তাপস পাল টালিগঞ্জের বাসিন্দা বলে জানা গেছে। আজ তাকে আদালতে তোলা হবে। অন্যদিকে, রাণী রাসমণি অ্যাভেনিউতেই মিছিল চলাকালীন শ্লীলতাহানির অন্য একটি ঘটনায় অভিযুক্তকে খুঁজছে পুলিশ।

কলেজ স্কোয়ারেও ফের রাত দখলের ডাক দিয়ে কর্মসূচি পালিত হয়। বের হয় মশাল মিছিল। কোন দলের পতাকা ব্যানার ছাড়া কলেজ, বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা এতে অংশ নেয়।

RG KAR-এ নির্যাতিতার জন্য সুবিচারের দাবীতে বাম ছাত্র সংগঠন SFI-এর প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় ইউনিট, আজ দুপুরে বিশ্ববিদ্যালয়ের পোর্টিকো-তে গণজমায়েত ও মিছিলের আহ্বান জানিয়েছে।

দোষীদেরর কঠোরতম শাস্তি এবং দ্রুত ন্যায় বিচারের দাবীতে হাইস্কুল **শিক্ষকদের সংগঠন**- 'অল পোস্টগ্রাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন', কালো ব্যাজ পড়ে শিক্ষক দিবস পালনের কর্মসূচী ঘোষণা করেছে।

গতকাল **রামকৃষ্ণ মিশন** স্কুলের প্রাক্তনীরাও প্রতিবাদ মিছিলে সামিল হন। গোলপার্ক থেকে নন্দন চত্বর পর্যন্ত দীর্ঘ মিছিলে তাঁরা অংশ নেন। অন্যান্য কয়েকটি স্কুল, কলেজের প্রাক্তনীরাও আলাদাভাবে প্রতিবাদ মিছিল করেছেন।

**মুর্শিদাবাদের** জিয়াগঞ্জে প্রতিবাদে সামিল হয়েছেন ছাত্র যুবরা।

**নদীয়ার** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের মূল ফটক থেকে শুরু হওয়া মিছিলে পা মেলান বিশ্ব বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রী, গবেষক, শিক্ষাকর্মী, অধ্যাপকরা।

**পুরুলিয়ায়** হিন্দু সচেতনতা মঞ্চের মিছিলে হাঁটেন সাধু সন্তরা।

**পশ্চিম বর্ধমানের** আসানসোলে গণমিছিল এবং পদযাত্রা কর্মসূচী পালন করে পশ্চিমবঙ্গ বাউরি সমাজ এবং অন্যান্য তপশিলী জাতি-উপজাতি সংগঠন। বর্ধমান সাধারণ নারী ঐক্য মঞ্চর ডাকে বড়নীলপুর মোড় থেকে মেয়েদের র‍্যালি বের হয়। **বর্ধমানে** ABVP-র মিছিলকে কেন্দ্র করে কার্জন গেট এলাকায় উত্তেজনার সৃষ্টি হয়।

RG KAR কান্ডে কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলের পদত্যাগের দাবীতে, আজ **'লালবাজার অভিযান'**-এর ডাক দিয়েছেন জুনিয়ার চিকিৎসকরা। কলেজ স্কোয়ার থেকে দুপুর ২'টোয় মিছিল শুরু হয়ে যাবে লালবাজার পর্যন্ত।

আগামী বুধবার রাত ৯'টা থেকে ১০ টা পর্যন্ত **মানব বন্ধন** কর্মসূচী পালন করা হবে। পাশাপাশি রাত ৯'টা থেকে ১০ টা রাজ্যবাসীকে ঘরের **আলো নিভিয়ে** রাখার অনুরোধ করেছেন তাঁরা।

আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের একাংশ গতকালও কলকাতার কয়েকটি এলাকায় **'অভয়া ক্লিনিক'** নামে স্বাস্থ্য শিবিরের আয়োজন করেছিল। নিখরচায় মানুষজন এই

শিবিরগুলিতে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। পাশাপাশি চলছে টেলি মেডিসিন পরিষেবাও।

********************

দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশ মতো আর জি কর কান্ডে দ্রুত বিচারের দাবীতে তৃণমূল কংগ্রেস গতকাল রাজ্য জুড়ে নানা কর্মসূচী পালন করছে।

রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের নেতৃত্বে কলকাতায় গতকাল মিছিল করেছে দলের মহিলা শাখা।

দার্জিলিং-এর নকশাল বাড়িতে ধর্না কর্মসূচী পালন করা হচ্ছে।

উত্তর দিনাজপুরের গোয়ালপোখড়ে দলের এক অবস্থান বিক্ষোভে যোগ দেন রাজ্যের মন্ত্রী গোলাম রাব্বানি। তিনি বলেন, নির্বাচনে পরাজিত হয়ে বিজেপি রাজ্যকে অশান্ত করতে চাইছে।

********************

আর জি করে চিকিৎসককে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে যখন রাজ্য উত্তাল, সেইসময়েই রাজ্যের বিভিন্ন প্রান্তে নারী নির্যাতনের একাধিক খবর সামনে এসেছে।

বীরভূমের ইলামবাজার ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কর্তব্যরত অবস্থায় নার্সের শ্লীলতাহানির অভিযোগকে কেন্দ্র করে হাসপাতাল চত্ত্বর উত্তাল হয়ে ওঠে। এই ঘটনার প্রতিবাদে চিকিৎসক, নার্স, হাসপাতাল কর্মীরা দফায় দফায় বিক্ষোভ দেখান। শেখ আব্বাসউদ্দীন নামে এক রোগী কর্তব্যরত নার্সের শ্লীলতাহানি করে বলে অভিযোগ। তাকে গ্রেপ্তার করা হয়েছে।

হাওড়া জেলা হাসপাতালে চিকিৎসাধীন এক কিশোরীর শ্লীলতাহানির অভিযোগ উঠেছে, হাসপাতালের এক ল্যাব টেকনিশিয়ানের বিরুদ্ধে। রাতেই পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে। প্রতিবাদে বাম-ছাত্র-যুব কর্মীরা হাসপাতালের সুপারকে ডেপুটেশন দিতে গেলে, তাঁদের সঙ্গে নিরাপত্তা কর্মী ও আধিকারিকদের বচসা বাধে। সুপারের পদত্যাগের দাবীতে বিক্ষোভ দেখানো হয়। এদিকে, বিজেপির মহিলা মোর্চা আজ

বিকেলে হাওড়া থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায়। উপস্থিত ছিলেন মোর্চার সভানেত্রী ফাল্গুনী পাত্র সহ অন্যান্য নেতৃবৃন্দ।

কোচবিহার **হলদিবাড়িতে** নাবালিকার শ্লীলতাহানির অভিযোগে শনিবার রাতভর হলদিবাড়ি থানায় বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। লিয়াকত আলি সরকার নামে এক ব্যক্তি শ্লীলতাহানি করে বলে অভিযোগ। অভিযুক্ত, তৃণমূলের এক পঞ্চায়েত সদস্যের আত্মীয় বলে দাবি স্থানীয়দের। তাকে গ্রেফতার করেছে পুলিশ। অন্যদিকে **দিনহাটায়** RG KAR কাণ্ডের প্রতিবাদে পথে নামা এক যুবতীকে সোশ্যাল মিডিয়ায় ধর্ষণের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে।

**উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের** রোহান্ডা পঞ্চায়েতের রাজবাড়ী এলাকায় সাত বছরের এক নাবালিকার যৌন হেনস্থার অভিযোগে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের দফায় দফায় সংঘর্ষ বাধে। আবদুল রউফ নামে অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। গতকাল তিনদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে, আট বছরের এক বালিকার শ্লীলতাহানির অভিযোগে **পশ্চিম বর্ধমানের সালানপুর** থানা এলাকায় গতকাল উত্তেজনা ছড়ায়।

********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মানুষের মুখোমুখি হতে ভয় পাচ্ছেন বলে, বিজেপির আই টি সেলের প্রধান তথা রাজ্যের ভারপ্রাপ্ত নেতা অমিত মালবিয়া মন্তব্য করেছেন।

গতকাল নিজের এক্স হ্যান্ডেলে এক পোস্টে তিনি বলেন, রাজ্যের নানা প্রান্তে একের পর এক নারী নির্যাতনের ঘটনা ঘটলেও, প্রশাসন উপযুক্ত পদক্ষেপ গ্রহণে ব্যর্থ।

রাজ্যের প্রশাসনিক ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে বলে, রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। গতকাল সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় তিনি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির ইস্তফার দাবী জানান।

(বাইট- সুকান্ত )

আগামী ৫’তারিখ পর্যন্ত ধর্মতলায় দলের ধরনা কর্মসূচী চলবে বলেও সুকান্ত বাবুর জানিয়েছেন।

*******************

ধর্ষণের মত অপরাধে মৃত্যুদন্ডের সংস্থান রাখতে কড়া আইন আনার জন্য আজ রাজ্যে বিধানসভার বিশেষ অধিবেশন বসছে। বেলা দুটোয় অধিবেশন বসবে। সদ্যপ্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের স্মরণে শোক প্রস্তাব গ্রহণের পর সভা মুলতুবি হয়ে যাবে। আগামীকাল একটি বিল পেশ করা করে তার উপর আলোচনা হবে। অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় জানিয়েছেন, শাসক ও বিরোধী উভয়পক্ষের জন্যই আলোচনার সময় বরাদ্দ করা হয়েছে। পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, আজ দুপুর একটা নাগাদ কার্য উপদেষ্টা কমিটির বৈঠক বসবে। ওই বৈঠকে চূড়ান্ত করা হবে কার্যসূচি। এরপর তা সরকারিভাবে ঘোষণা করা হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও এই আলোচনায় অংশ নেবেন বলে জানা গেছে।

তবে বিজেপি বিলটি সমর্থন করবে কিনা বা আলোচনায় অংশ নেবে কিনা তা নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি বলে দলের মুখ্য সচেতক শংকর ঘোষ জানিয়েছেন।

*******************

ধর্ষণের মতো সংবেদনশীল ঘটনায় নির্যাতিতার দ্রুত বিচার পাওয়া উচিত বলে, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মন্তব্য করেছেন।

গতকাল জেলা বিচার বিভাগের দুদিন ব্যাপী জাতীয় সম্মেলনের ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, ধর্ষণের মতো মামলায় বহু দেরীতে বিচার পেলে, সাধারণ মানুষ বিচার ব্যবস্থার ওপরই আস্থা হারিয়ে ফেলেন। তাই দ্রুত ও সুষ্ঠু ন্যায় বিচার নিশ্চিত করার কথা বিচার ব্যবস্থাকে ভাবতে হবে বলেও উল্লেখ করেন রাষ্ট্রপতি ।

*******************

কলকাতার স্ট্র্যান্ড রোডের বাজা কদমতলা ঘাটে গতরাতে গুলি চালনায় দু’জন আহত হয়েছেন বলে জানা গেছে।

পুলিশ সূত্রের খবর, একদল দুষ্কৃতী পাঁচ থেকে ছয় রাউন্ড গুলি চালায়। বালি ব্যবসা সংক্রান্ত বিবাদের জেরেই এই ঘটনা বলে পুলিশের প্রাথমিক অনুমান। আহতদের SSKM হাসপাতালে ভর্তি করা হয়েছে।

********************

মা ফ্লাইওভারে দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে মোট দশজন আহত হয়েছেন। এদের মধ্যে গুরুতর আহত ছয়জন ।

জানা গেছে, সল্টলেকের দিক থেকে আসা একটি গাড়ি উল্টো দিক দিয়ে মা ফ্লাই ওভারে উঠে গেলে উল্টোদিক থেকে আসা একটি গাড়ির সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। মোট দশজন আহত হয়।

আহতদের এসএসকেএমের ট্রমা কেয়ারে নিয়ে যাওয়া হয়েছে। ঘটনাস্থলে পুলিশ আছে।

********************

বাঁকুড়ার মেজিয়ায় একটি বেসরকারি কারখানায় দুর্ঘটনায় এক ঠিকা শ্রমিকের মৃত্যু হয়েছে। শিবরাম পরামাণিক নামে ওই ব্যক্তি শালতোড়ার কেচকা গ্রামের বাসিন্দা।

গতকাল দুপুরে মেজিয়ার একটি বেসরকারি ইথানল কারখানায় কাজ করার সময় দুর্ঘটনায় তিনি গুরুতর আহত হন। তরিঘড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। গত শনিবার'ই কারখানাটির উদ্বোধন হয়। পরের দিনই এরকম দুর্ঘটনায়, শ্রমিক সুরক্ষার বিষয়টি নিয়ে বড়সর প্রশ্ন দেখা দিয়েছে।

গতকাল বিকেলে কারখানার গেটের সামনে বিক্ষোভ দেখান বিজেপি বিধায়ক চন্দনা বাউড়ির নেতৃত্বে কর্মী সমর্থকরা। তৃণমূল কংগ্রেসের শ্রমিক সংগঠনের তরফেও উপযুক্ত ক্ষতিপূরণ ও শ্রমিক সুরক্ষার দাবী তোলা হয়েছে।

********************

আজ কৌশিকী অমাবস্যা। পুরাণ অনুসারে, ভাদ্র মাসের অমাবস্যা তিথিতে দেবী কৌশিকী, শুম্ভ ও নিশুম্ভকে বধ করেন।

কথিত আছে, সাধক বামাক্ষেপা কৌশিকী অমাবস্যায় সিদ্ধিলাভ করেছিলেন। এই উপলক্ষ্যে মা তারার বিশেষ পুজো অনুষ্ঠিত হয়। তারাপীঠে লক্ষাধিক ভক্ত ও পুণ্যার্থীর সমাগম হয়। আয়োজন করা হয়েছে মেলার'ও ।

ভিড় সামাল দিতে পূর্ব রেল একজোড়া বিশেষ ট্রেন চালাচ্ছে। হাওড়া থেকে রামপুরহাটের মধ্যে এই ট্রেন চলাচল করবে আগামী তিনদিন।

********************

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে রাজ্যে ভারী বৃষ্টির কোন সম্ভাবনা নেই বলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানালেন-

(বাইট- সৌরিশ )

**************************************************************